সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির অক্টোবর-ডিসেম্বর, ২০২২ ত্রৈমাসিক সভার (২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা) কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক। |
| তারিখ | : | ১৯ ডিসেম্বর, ২০২২ |
| স্থান | : | কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা। |
| উপস্থিতি | : | সংলগ্নী-‘ক’। |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির অক্টোবর-ডিসেম্বর, ২০২২ ত্রৈমাসিকের ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভা ১৯ ডিসেম্বর, ২০২২ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সংশ্লিষ্ট ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার এবং অন্যান্য নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

২.০০: সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাধীনতার ৫১ বছর পূর্তি উপলক্ষে এ গৌরবময় মুহূর্তে যাঁদের ত্যাগের বিনিময়ে স্বাধীনতা অর্জিত হয়েছে তাঁদের স্মরণপূর্বক সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন। স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে শুদ্ধাচার চর্চাকে বেগবান করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং সভার সঞ্চালককে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

৩.০০: হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট জনাব বীথি আক্তার আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সোনালী ব্যাংক লিমিটেডের ২০২২-২০২৩ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে অন্যান্য কার্যক্রম বিষয়ে এ ব্যাংকের গৃহীত পদক্ষেপ, করণীয় ও বিগত ১ম কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অর্জিত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ তুলে ধরেন।

৪.০০: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে গৃহীত পদক্ষেপ, করণীয়, অর্জিত অগ্রগতি সংক্রান্ত ও শুদ্ধাচার কর্ম-পরিকলনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

(৪.১) সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

(৪.২) সোনালী ব্যাংক স্টাফ কলেজ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বিষয়ে এ কোয়ার্টারে ২৫ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে কমিটি অবহিত হয়।

(৪.৩) ব্যাংকের ক্রয়-পরিকল্পনা প্রয়োজনে সংশোধন করা হলে সংশোধিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা এবং বাজেট বাস্তবায়নে বছরের শেষ সময়ে তাড়াহুড়া না করে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।

(৪.৪) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে ছড়া বাছাই করে ০১ ডিসেম্বর, ২০২২ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ১০৭নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

(৪.৫) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০৮ ডিসেম্বর, ২০২২ তারিখে জেনারেল ম্যানেজার'স অফিস ঢাকা সেন্ট্রাল এর অধীনে কয়েকটি শাখায় গ্রাহকের অংশগ্রহণের মাধ্যমে সভার অনুষ্ঠিত হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়। একইসাথে শুদ্ধাচার বিষয়ে গৃহীত কার্যক্রমের ওপর ফিডব্যাক প্রদান করা হয়।

(৪.৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, শুদ্ধাচার শাখা কর্তৃক ২৫/১০/২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ স্মারক অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ ক্রমিকের বিষয়ে গৃহীত চূড়ান্ত সিদ্ধান্ত এ ব্যাংকের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করা হয়।

৫.০০: নৈতিকতা কমিটির সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৫.১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, শুদ্ধাচার শাখা কর্তৃক ২৫/১০/২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ স্মারক অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ ক্রমিকের বিষয়ে গৃহীত চূড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী এ ব্যাংকের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,২০২২-২০২৩ এ প্রয়োজনীয় পরিবর্তন আনয়ন অনুমোদন;

(৫.২) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এবং ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক ফিডব্যাক সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ ২৮.০৫.২০15 এর নির্দেশনা অনুসারে ব্যাংকিং সময়সূচির পরে কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে মহিলা কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকে অবস্থানের জন্য বাধ্য করা যাবে না এবং এতদবিষয়ে উল্লিখিত বিআরপিডি সার্কুলার লেটার অনুসরণ;

(৫.৩) সোনালী ব্যাংক স্টাফ কলেজসহ প্রধান কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার কৌশল (এনআইএস) ও APA বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়সমূহের ওপর প্রতি কোয়ার্টারে স্টাফ কলেজে বা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃক প্রশিক্ষণ অব্যাহত রাখা এবং প্রযোজ্য ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বা বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে দায়িত্বরত কর্মকর্তাদের এ সংক্রান্ত প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো;

(৫.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন করা বিশেষত অকেজো গাড়ি ডিসপোজাল, অফিসে জীবাণুনাশক ছিটানো, নিয়মিত ফ্লোর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, প্রধান কার্যালয়ে নারীদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা, ফায়ার সেফটি নিশ্চিতকরণ কার্যক্রম অব্যাহত রাখার এবং কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ে সম্পাদিত কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারে প্রেরণ করা;

(৫.৫) সভায় ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা যথাযথভাবে পরিপালন;

(৫.৬) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৫/০৯/২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪ অনুযায়ী 'সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার, ২০২২-২০২৩' প্রদানের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান;

(৫.৭) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক বই হতে প্রতি কোয়ার্টারে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখা;

(৫.৮) বিআরপিডি সার্কুলার লেটার-২০, তারিখ: ১৫/৯/২০১৯ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ১০/১০/২০১৯ মোতাবেক অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে চূড়ান্তভাবে বরখাস্ত (Dismissal) করা কর্মকর্তার শাস্তিমূলক ব্যবস্থার তথ্যাদি যথাযথভাবে CMMS-এ এন্ট্রি প্রদান;

(৫.৯) গ্রাহকের হিসাবের মৌলিক তথ্য ও KYC হালনাগাদ করার জন্য এ ব্যাংকের গ্রাহকদের জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গ্রাহকের তথ্য হালনাগাদকরণের বিজ্ঞপ্তি প্রকাশ;

(৫.১০) ব্যাংকে শুদ্ধাচার প্রতিষ্ঠায় শাখা/কার্যালয়ে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার বিষয় নির্দেশনা সংবলিত পত্র জারিকরণ;

(৫.১১) মাঠ পর্যায়ে জিএম অফিসসমূহকে শুদ্ধাচার চর্চা জোরদার করার জন্য নিয়মিতভাবে ব্যবসায়িক মত বিনিময় সভাসহ সময়ে সময়ে ঘোষিত বিভিন্ন কর্মসূচি / সেবা সপ্তাহ যথাযথভাবে পরিপালন; এবং

(৫.১২) মাঠ পর্যায়ে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শন।

৬.০০: সোনালী ব্যাংক লিমিটেড এর শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নিম্নোক্ত ৪টি বিশেষ উদ্যোগের তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে যথাসময়ে প্রেরণ করা হয়েছে যার বাস্তবায়ন অবস্থা নিম্নে উল্লেখ করা হলো:

(১) Sonali e-Wallet মোবাইল অ্যাপের মাধ্যমে বিদেশ থেকে প্রবাসীগণ কর্তৃক লেনদেন:
Cashless Society গঠনের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড মোবাইল অ্যাপ Sonali e-Wallet চালু করেছে। এ ব্যাংকের হিসাবধারী প্রবাসীগণ বিদেশ থেকেই উক্ত অ্যাপস ব্যবহার করার সুবিধা পাচ্ছেন।

(২) সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাব খোলা:
এর মাধ্যমে শিক্ষার্থীগণ ঘরে বসেই কয়েক মিনিটেই ব্যাংক হিসাব খুলতে পারছেন।

(৩) পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পেমেন্ট পদ্ধতি সহজীকরণ:
পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট এ জমাকৃত টাকা সহজীকরণ ও অটোমেটেড করার লক্ষ্যে এ সেবা চালু করা হয়েছে।

(৪) DDP Payment System Automation :
এর মাধ্যমে কল্যাণ ভাতার কার্ডধারী কর্মচারীগণের টাকা স্বয়ংক্রিয়ভাবে তাদের ব্যাংক হিসাবে জমা হচ্ছে।

৭.০০: নৈতিকতা কমিটি কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতাভুক্ত আবশ্যিক কর্মপরিকল্পনাসমূহ সুষ্ঠু বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ৫টি ডিভিশনের প্রধানকে কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়:

| | | |
|---|---|---|
| (১) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) | : | ডিজিএম, এইচআরডিডি |
| (২) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | : | ডিজিএম, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) |
| (৩) সেবা প্রদান প্রতিশ্রুতি | : | ডিজিএম, বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন |
| (৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থা | : | ডিজিএম, ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন |
| (৫) তথ্য অধিকার | : | ডিজিএম, পাবলিক রিলেশন্স ডিভিশন |


৮.০০: পরিশেষে, আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

১২/১২/২০২২

(মোঃ আফজাল করিম)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।






সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy)
বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির
২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা
(অক্টোবর-ডিসেম্বর, ২০২২ কোয়ার্টার)
সভাপতি : জনাব মোঃ আফজাল করিম, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক।
স্থান : কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ১৯ ডিসেম্বর, ২০২২



সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা

( অক্টোবর - ডিসেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আফজাল করিম,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | 19.12.2022 |
| ২ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১ | সদস্য | ১৯.১২.২২ |
| ৩ | জনাব সঞ্চিয়া বিনতে আলী,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-২ | আমন্ত্রিত | 19.12.2022 |
| ৪ | জনাব মীর মোফাজ্জল হোসেন,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৩ | আমন্ত্রিত | ১৯.১২.২২ |
| ৫ | জনাব সুভাষ চন্দ্র দাস,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৪ | আমন্ত্রিত | ১৯/১২/২২ |
| ৬ | জনাব কাজী মোঃ ওয়াহিদুল ইসলাম,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৫ | আমন্ত্রিত | 19.12.2022 |
| ৭ | মিজ্ পারসুমা আলম,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-৬ | আমন্ত্রিত | 19-12-22 |
| ৮ | জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO) | সদস্য | 19/12/22 |
| ৯ | জনাব মোঃ আবু সাঈদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | ১৯/১২/2022 |
| ১০ | জনাব মোঃ বিল্লাল হোসেন,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 19.12.2022 |
| ১১ | জনাব মোঃ রেজাউল করিম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 19.12.2022 |
| ১২ | জনাব তাওহিদুল ইসলাম,<br>কোম্পানি সেক্রেটারি | আমন্ত্রিত | — |
| ১৩ | জনাব এ,কে,এম সেলিম আহমেদ,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | 19.12.2022 |
| ১৪ | জনাব মোঃ মনিরুজ্জামান,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | ১৯/১২/2022 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা

( অক্টোবর - ডিসেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫ | জনাব মোঃ আলী আশরাফ আবু তাহের,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] ১৯/১২/২০২২ |
| ১৬ | জনাব মোঃ নূরুন নবী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] ১৯/১২/২২ |
| ১৭ | জনাব মোঃ বারেকুজ্জামান,<br>চিফ ল' অফিসার | আমন্ত্রিত | [signature] ১৯/১২/2022 |
| ১৮ | জনাব মোঃ দেলোয়ার হোসেন,<br>চিফ ইঞ্জিনিয়ার | আমন্ত্রিত | [signature] ১৯/১২/২০২২ |
| ১৯ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী,<br>জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | [signature] 19.12.2022 |
| ২০ | জনাব মোঃ রফিকুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | — |
| ২১ | জনাব আশরাফুল হায়দার চৌধুরী,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] ১৯/১২/2022 |
| ২২ | জনাব কাজী মোঃ মফিজুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] 19/12/2022 |
| ২৩ | জনাব মোঃ মিজানুর রহমান মজুমদার,<br>জেনারেল ম্যানেজার | আমন্ত্রিত | [signature] 19/12/2022 |
| ২৪ | জনাব বীথি আক্তার,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | [signature] 19/12/2022 |
| ২৫ | Ashrafun Nesa<br>DGM<br>Agent Banking | — | [signature] 19.12.22 |
| ২৬. | Lipika Das (DGM)<br>Loan Classification Division | — | [signature] |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা

( অক্টোবর - ডিসেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৭. | Md. Jashim Uddin Khan DGM, BDD | সেবা প্রদান প্রতিশ্রুতি টিম প্রধান। | ১৯/১২/2022 |
| ২৮. | Rashed Bin Rouf DGM, RCD. | — | 19/12/2022 |
| ২৯ | Pradip Kumer Paul DGM, Reconciliation Division | — | 19-12-2022 |
| ৩০. | Md. Ismail Mazumder DGM MCD. | — | 19.12.22 |
| ৩১ | Md. Tangimul Islam. | — | 19-12-2022 |
| ৩২. | Md. Mazibur Rahman | — | 19-12-2022 |
| ৩৩. | Shahenaz Begum DGM. CD. HO | — | 19/12/2022 |
| ৩৪. | Ummee Kulsum DGM MIS HO | — | 19.12.2022 |
| ৩৫. | Md. Mamunur Rashid Bhuiyan DGM, ITD (PSM) (Additional charge) | — | 19/12/2022 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন (HRDD)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত

প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভা

( অক্টোবর - ডিসেম্বর, ২০২২ কোয়ার্টার )

তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২২

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৬. | MD. Rajib-Ul-Islam C.S.O. SPD | — | [signature] |
| ৩৭. | Md. Shafiul Alam. DGM. LRD | — | [signature] 19.12.2022 |
| ৩৮. | MOHD RABIUL ALAM. DGM. ~~MDS~~ Secretariat H/O. | — | [signature] 19.12.2022 |
| ৩৯. | MD. ATIQUR RAHMAN DGM GASD H/O | — | [signature] 19/12/22 |
| ৪০. | MD. Khairul Alam. DGM. VD. | — | [signature] |
| ৪১. | Md. Shah Alam DGM, SMED | — | [signature] 19.12.2022 |
| ৪২. | Md. Golam Siddique | — | [signature] 19.12.2022 |
| ৪৩. | Tuhin Kanti Halder | — | [signature] 19.12.2022 |
| ৪৪. | মো: মারুফ হায়দার খান, এসপিও (এইচ আর ডি ডি) | — | [signature] 19.12.22 |

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

**২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার অক্টোবর-ডিসেম্বর, ২০২২ ত্রৈমাসিকের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| প্রধান অতিথি | : | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির সদস্য। |
| বিশেষ অতিথি | : | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট । |
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল কুদ্দুস, জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সেন্ট্রাল, ঢাকা। |
| তারিখ | : | ০৮ ডিসেম্বর, ২০২২, বৃহস্পতিবার, বিকাল ৩:০০টা। |
| স্থান | : | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা-সেন্ট্রাল, ঢাকা। |
| উপস্থিতি | : | সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সেন্ট্রাল এর আওতাধীন বিভিন্ন শাখার গ্রাহকসহ প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ের নির্বাহী ও কর্মকর্তাবৃন্দ (সংলগ্নী-'ক')। |

১। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তার বক্তব্যে জিএম অফিস, ঢাকা-সেন্ট্রাল এর নিয়ন্ত্রণাধীন গুলশান কর্পোরেট শাখা, কৃষিভবন শাখা ও লালমাটিয়া শাখার সম্মানিত গ্রাহকদের সভায় উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ পরিস্থিতির কারণে আসতে না পারা রাজউক ভবন শাখার গ্রাহক কুমিল্লা শিপ বিল্ডার্স লিমিটেড এর প্রোপাইটর জনাব এম এ মান্নান, দিলকুশা কর্পোরেট শাখার গ্রাহক এইচআরবি এ্যাপারেলস এর ম্যানেজিং ডিরেক্টর জনাব শরীফুল ইসলাম ও গুলশান কর্পোরেট শাখার গ্রাহক ব্যুরো বাংলাদেশের একাউন্টস অফিসার জনাব ফরিদ উদ্দিন আহমেদ টেলিফোনে দুঃখ প্রকাশ করেন। তারা পরবর্তীতে অনুষ্ঠেয় সভায় উপস্থিত থাকবেন মর্মে সভাকে অবহিত করেন। গ্রাহকসেবা সমুন্নত রাখার জন্য জিএম অফিস, ঢাকা সেন্ট্রালের বিভিন্ন কর্মকান্ডের ওপর তিনি আলোকপাত করেন। সভাপতি উপস্থিত সম্মানিত গ্রাহকদেরকে বর্তমানে সেবা প্রাপ্তির বিষয়ে কোনো পরামর্শ থাকলে তা উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

২। সভায় প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট জনাব বীথি আক্তার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রেক্ষাপট ও কার্যক্রম সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় গ্রাহকদের মধ্য হতে প্রথমে এ ব্যাংকের লালমাটিয়া শাখা, ঢাকার সম্মানিত গ্রাহক পরিকল্পনা মন্ত্রণালয়ের সাবেক যুগ্মসচিব রাশিদা খাতুন তাঁর বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, ২০১০ সাল হতে এ ব্যাংকের সেভিংস অ্যাকাউন্ট সেবা গ্রহণ করে আসছেন। এ ব্যাংকের মাধ্যমে তিনি পেনশন উত্তোলন করেন এবং সঞ্চয়পত্র ক্রয় করেন। শাখায় চেকের মাধ্যমে টাকা উত্তোলন, অর্থ জমা, ট্যাক্স সার্টিফিকেট উত্তোলন ইত্যাদি বিভিন্ন সেবা সাথে সাথেই পাওয়া যাচ্ছে। সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ডেস্ক কর্মকর্তাদের কাছ থেকে তিনি সব ধরনের সহযোগিতা স্বল্প সময়ের মধ্যে পান এবং কোনো বিশেষ প্রয়োজন ছাড়া বা সৌজন্য সাক্ষাৎ করা ছাড়া ম্যানেজারের রুমে তাকে যেতে হয় না মর্মে উল্লেখ করেন। তিনি বয়সজনিত কারণে অনেক কিছু ভুলে যান কিন্তু ব্যাংকের কর্মকর্তারা তাকে সার্বিক সহযোগিতা করে কাজগুলো সঠিকভাবে সম্পন্ন করে দেন। একটি তথ্যসমৃদ্ধ সিটিজেন চার্টার থাকায় ও টোকেন সিস্টেম প্রচলন করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। শাখায় কর্মরত কর্মকর্তাসহ সাপোর্টিং স্টাফগণ সিনিয়র সিটিজেনদের ধৈর্য্য সহকারে সেবা প্রদান করেন। তাদের সহযোগিতামূলক ও সৌহার্দপূর্ণ আচরণের জন্য তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। শাখাটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখায় ও comfortable পরিবেশ থাকায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। মাঝে মাঝে বদলিজনিত কারণে ডেস্ক অফিসার পরিবর্তিত হলে ঐ ডেস্কের কাজে সাময়িকভাবে কিছুটা সমস্যা হয়। এ বিষয়ে তিনি প্রশিক্ষণের বিষয়টিকে গুরুত্ব দেন। কোনো ডেস্কে নতুন অফিসার পদায়ন করা হলে তার কাজের সাথে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দিয়ে এবং স্বচ্ছ ধারণা দিয়ে উক্ত কাজে নিয়োজিত করার জন্য পরামর্শ প্রদান করেন।

৪। এ ব্যাংকের লালমাটিয়া শাখা, ঢাকা এর গ্রাহক এনজিও লিংকেজ ঋণ সুবিধাভোগী প্রতিষ্ঠান 'রিক-Resource Integration Centre' এর এসিস্ট্যান্ট ডিরেক্টর জনাব সালেহ মাহমুদ মিঠু তাঁর বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, ৩৬ বছর ধরে তাঁর প্রতিষ্ঠান এ ব্যাংকের সাথে লেনদেন করে আসছে। শাখার কর্মকর্তাগণ নিয়মের মধ্যে থেকে তাদেরকে পূর্ণ সহযোগিতা করে থাকেন। তবে এনজিও লিংকেজ সংশ্লিষ্ট ঋণ প্রদানকালে প্রচুর ডকুমেন্টেশন প্রয়োজন হয় যা কমানোর পাশাপাশি ফিল্ড ভিজিট বা সরেজমিন পরিদর্শনে ব্যাংকের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের যাওয়ার জন্য তিনি অনুরোধ করেন। বিনিয়োগ খাত বাড়ানোর জন্য, বিশেষ করে কৃষি ও খাদ্য খাতে অর্থায়নের সুযোগ দেওয়ার জন্য তিনি অনুরোধ জানান।

৫। কৃষিভবন শাখা, ঢাকা এর কাস্টমার বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র কন্ট্রোলার অব অ্যাকাউন্টস জনাব মোয়াজ্জেম হোসেন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় তার এ ব্যাংকের অভিজ্ঞতা সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, বিএডিসি'র সাথে এ ব্যাংকের লেনদেন প্রায় ১৬ হাজার কোটি টাকা। সার আমদানির জন্য এ ব্যাংকের স্থানীয় কার্যালয়ের মাধ্যমে এলসি/এলটিআর এর মাধ্যমে ব্যাংকিং সুবিধা গ্রহণ করছেন এবং এজন্য প্রায় পাঁচশত ছিয়াত্তর কোটি টাকার কমিশন ব্যাংক অর্জন করেছে। কৃষি ভবন শাখায় সার বিক্রির টাকা জমা/উত্তোলন করা হয়। এজন্য তাদের অনেক চেকবই প্রয়োজন হয়। যাতে স্বল্প সময়ের মধ্যে চেক বই পাওয়া যায়, তা নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। তিনি বিদ্যমান গ্রাহক সেবায় সন্তুষ্টি প্রকাশ করে তা অব্যাহত রাখার আহ্বান জানান।

৬। এ ব্যাংকের গুলশান কর্পোরেট শাখা, ঢাকার কর্পোরেট ক্লায়েন্ট প্রাণ গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান প্রাণ ডেইরী'র ম্যানেজার ফাইনান্স জনাব মেহেদী হাসান তার বক্তব্য উপস্থাপন করেন। তার প্রতিষ্ঠান ২০১৭ সাল থেকে এ ব্যাংক হতে প্রায় একশত কোটি টাকার ওভারড্রাফট (OD) সুবিধা গ্রহণ করেছেন। বর্তমানে ব্যবসার পরিধি বৃদ্ধি করার জন্য তাদের বেশ কিছু ঋণ প্রস্তাব এ ব্যাংকে প্রক্রিয়াধীন রয়েছে। তিনি ডকুমেন্টেশন প্রক্রিয়া সহজীকরণ করার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি কর্পোরেট ক্লায়েন্টদের ঋণ প্রস্তাব স্বল্পতম সময়ে প্রসেস করার জন্য শাখা/কার্যালয়ে আলাদা উইং করার পরামর্শ প্রদান করেন। তিনি ব্যাংক কর্মকর্তাদের সহযোগিতামূলক মনোভাবের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। শাখার কর্মকর্তাগণ সরকারি ব্যাংকে সেবা প্রাপ্তিতে প্রচলিত ভুল ধারণা ভেঙে দিতে সক্ষম হয়েছেন মর্মে তিনি উল্লেখ করেন।


৭। এছাড়াও সভায় উপস্থিত নির্বাহীবৃন্দ নির্ধারিত আলোচনায় অংশগ্রহণ করে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি গ্রাহকদের ব্যবসায়িক সমৃদ্ধি ও ভবিষ্যতে ব্যাংকের পূর্ণ সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিরঞ্জন চন্দ্র দেবনাথ)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১
সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।






সোনালী ব্যাংক লিমিটেড
জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সেন্ট্রাল, ঢাকা।
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা
প্রধান অতিথি ঃ জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-১, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
বিশেষ অতিথি ঃ জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট।
সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল কুদ্দুস, জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সেন্ট্রাল, ঢাকা।
সার্বিক ব্যবস্থাপনায় ঃ সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সেন্ট্রাল, ঢাকা।
তারিখ ও সময় ঃ ০৮ ডিসেম্বর,২০২২, বৃহস্পতিবার, বিকাল ০৩ঃ০০ টা।
স্থান ঃ কনফারেন্স রুম, সোনালী ব্যাংক লিমিটেড, জিএম অফিস, ঢাকা সেন্ট্রাল, ৭ম তলা ৬২ দিলকুশা বা/এ, ঢাকা।



# সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা
তারিখ ঃ ০৮ ডিসেম্বর, ২০২২; রোজ ঃ বৃহস্পতিবার; বেলা ঃ ০৩ঃ০০ ঘটিকা।
স্থান ঃ কনফারেন্স রুম, জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা সেন্ট্রাল, ঢাকা।
হাজিরা শীট ঃ

| ক্র.নং | নাম | পদবী | অনুস্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ | ডিএমডি-১ | |
| ২ | জনাব মোঃ আব্দুল কুদ্দুস | জিএম, জিএমও,ঢাকা সেন্ট্রাল , ঢাকা (সভাপতি, জিএমও কমিটি) | |
| ৩ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী | জিএম (এইচআর) | |
| ৪ | জনাব বীথি আক্তার | ডিজিএম (এইচআরডিডি) | 08/12/2022 |
| ৫ | জনাব মোঃ মজিবুর রহমান | ডিজিএম (এইচআরএমডি ) | |
| ৬ | জনাব গৌরনিতাই ভদ্র | ডিজিএম (সদস্য, জিএমও কমিটি) | |
| ৭ | জনাব শওকত আরা খানম | ডিজিএম (সদস্য, জিএমও কমিটি ) | |
| ৮ | জনাব মোঃ ওহিদুজ্জামান | ডিজিএম,দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা (সংশ্লিষ্ট শাখা প্রধান-১ কাস্টমার-২) | 08/12/22 |
| ৯ | জনাব মোঃ সলিম উল্লাহ্ | ডিজিএম, গুলশান কর্পোরেট শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান-২ কাস্টমার-৩ ও ৪) | |
| ১০ | জনাব মোঃ এরশাদুল হক | এজিএম,রাজউক ভবন শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান-৩ কাস্টমার-১) | |
| ১১ | জনাব দিল রওশন দিলু | এজিএম,লালমাটিয়া শাখা (সংশ্লিষ্ট শাখা প্রধান-৩ কাস্টমার-৫ ও ৬) | |
| ১২ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৩ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৪ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৫ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৬ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৭ | | (প্রকা.এইচআরডিডি) | |
| ১৮ | | (প্র.কা. পিআরডি) | |
| ১৯ | | (প্র.কা. পিআরডি) | |
| ২০ | জনাব মোসাঃ ফেরদৌসী বেগম | এজিএম (সদস্য সচিব, জিএমও কমিটি) | 08/12/22 |
| ২১ | জনাব মোঃ আমিরুল ইসলাম | এসপিও (সদস্য, জিএমও কমিটি) | |
| ২২ | জনাব সম্পা পোদ্দার | পিও (সদস্য, জিএমও কমিটি) | |
| ২৩ | কাস্টমার-১<br>জনাব এম.এ মান্নান<br>(প্রোপ্রাটর) মোবাঃ ০১৮৭৯১৪৯৬৭৮। | *ঋণগ্রহীতা*, কুমিল্লা শিপ বিল্ডার্স লিমিটেড রাজউক ভবন শাখা, ঢাকা। | |
| ২৪ | কাস্টমার-২<br>জনাব শরীফুল ইসলাম, (ম্যানেজিং ডিরেক্টর) মোবাঃ ০১৭৬০৭৭৫৫৯৯। | *ঋণগ্রহীতা*, এইচআরবি এ্যাপারেলস্, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা। | |
| ২৫ | কাস্টমার-৩<br>জনাব ফরিদ উদ্দিন আহমেদ, (একাউন্টস্ অফিসার)<br>মোবাঃ ০১৭৩৩২২০৮৩৩। | *ঋণগ্রহীতা এবং আমানতকারী*<br>ব্যুরো বাংলাদেশ। গুলশান কর্পোরেট শাখা, ঢাকা। | |
| ২৬ | কাস্টমার-৪<br>জনাব মেহেদী হাসান (ম্যানেজার ফাইন্যান্স) মোবাঃ ০১৭৬৯৬৯৬৬৭১। | *ঋণগ্রহীতা*<br>প্রাণ গ্রুপ। গুলশান কর্পোরেট শাখা, ঢাকা। | 8/12/22 |
| ২৭ | কাস্টমার-৫<br>জনাব সালেহ মাহমুদ মিঠু, (এসিস্ট্যান্ট ডিরেক্টর) মোবাঃ ০১৭১১২৬৬৪৮২ | *ঋণগ্রহীতা* এনজিও লিংকেজ ঋণ<br>রিক- Resource Integration Centre, লালমাটিয়া শাখা, ঢাকা। | 08/12/22 |
| ২৮ | কাস্টমার-৬<br>জনাব রাশিদা খাতুন, (সাবেক যুগ্ম সচিব, পরিকল্পনা মন্ত্রনালয়)<br>মোবাঃ ০১৭৭২১০০৫৯২। | আমানতকারী (লালমাটিয়া শাখা, ঢাকা।) | 08/12/22 |

CS CamScanner